খানকা হযরত শায়খ ড. মুশতাক আহমদ

**ওয়াসা রোড, পাইটি, ডেমরা, ঢাকা**

মোবাইল 01715437445

=================================================================

## নিম্মোক্ত ৭টি গুণের অধিকারী নারীদের জান্নাতী নারী মনে করা হয়

এক. সর্বদা অযুর সঙ্গে পাক পবিত্র অবস্থায় থাকেন। নামায রোযা যিকর তাসবীহ ও কুরআন তিলাওয়াতের উপর পূর্ণ পাবন্দী রেখে চলেন।

দুই. যথাসম্ভব নিজ ঘরদুয়ারে থাকেন। অপ্রয়োজনে বাইরে ঘোরাঘুরি করেন না। পর্দা পুশিদা হায়া ও সম্ভ্রম সুরক্ষার প্রতি সর্বোচ্চ যত্নশীল থাকেন।

তিন. পারিবারিক অভিভাবক তথা নিজ স্বামী , বাবা, ভাই বা পুত্রের সঙ্গে অন্তরঙ্গতা মমত্ববোধ হৃদ্যতা ও মান্যতার সম্পর্ক রেখে চলেন।

চার. সর্বদা অল্প জিনিসের উপর তুষ্ট থাকেন এবং বিজ্ঞতার সাথে নিজের প্রয়োজনীয় সমূদয় কাজ সম্পাদন করেন। সন্তান ও সহায় সম্পদের পূর্ণ হেফাযত করে চলেন। কখনো নাই নাই কিংবা খাই খাই করেন না।

পাঁচ. নিজে পরিবারের নেপথ্য পরিচালক হিসাবে কাছের বা দূরের, নিজের কিংবা স্বামীর, পিতৃকূল কিংবা মাতৃকূলে অবস্থিত সকল আত্মীয়ের প্রতি সমান আন্তরিকতা দরদ ও কল্যাণকামিতা পোষন করেন।

ছয়. নিজ ঘরদুয়ার সর্বদা পরিস্কার পরিচ্ছন্ন ও ঘুছিয়ে রাখেন। গৃহে গান বাজনা বা দৃষ্টিকটু ছবি টানিয়ে রাখেন না। (জরুরী প্রয়োজন ছাড়া কখনো মোবাইল ব্যবহার করেন না।)

সাত. নিজ কাজের ফাঁকে যখনই একটু সুযোগ মিলে তখনই দীনী কোন কিতাব/ বই পড়েন কিংবা তাসবীহ আদায় করেন কিংবা কোন হক্কানী রাব্বানী আলিমের বয়ান শোনেন। নিজকে সর্বদা কর্মব্যস্ত রাখেন , অবসর সময় নষ্ট করেন না। গীবত শেকায়েত বলা বা শোনার সুযোগ দেন না।

---- ড. মুশতাক আহমদ